# Times Today BD

ডেস্ক রিপোর্ট। অন্যান্য। 23 June, 2025

আগামী ৫ দিন দেশের বিভিন্ন বিভাগে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর।সেইসঙ্গে সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে, বিশেষ করে বৃষ্টির দিনগুলোতে।

সোমবার (২৩ জুন) এক পূর্বাভাসে আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কামাল মল্লিক জানান, আগামী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগে কোথাও কোথাও মাঝারি থেকে ভারী বর্ষণ হতে পারে।

পূর্বাভাসের সারসংক্ষেপ (২৪-২৭ জুন পর্যন্ত):

মঙ্গলবার (২৪ জুন):

রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেটের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশালের অনেক জায়গায় বিদ্যুৎ চমকানো হালকা থেকে মাঝারি বৃষ্টি।কোথাও কোথাও ভারী বর্ষণ।

বুধবার (২৫ জুন):

বরিশাল, চট্টগ্রাম ও সিলেটের অধিকাংশ জায়গায়; অন্য বিভাগগুলোতে অনেক জায়গায় বৃষ্টি। তাপমাত্রা আরও কমতে পারে।

বৃহস্পতিবার (২৬ জুন):

ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেটের অনেক জায়গায় এবং অন্যান্য বিভাগের কিছু কিছু এলাকায় বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা।

শুক্রবার (২৭ জুন):

দেশের প্রায় সব বিভাগেই বৃষ্টি অব্যাহত থাকবে।দিন-রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকবে।

☐ বৃষ্টিপাতের প্রবণতা কমবে?

আবহাওয়া অফিস জানিয়েছে, পাঁচ দিনের শেষদিকে, অর্থাৎ ২৮ জুনের পর থেকে বৃষ্টিপাতের প্রবণতা কিছুটা কমতে পারে।

পরামর্শ:

আসন্ন ভারী বৃষ্টির কারণে নগরজীবনে জলাবদ্ধতা, পাহাড়ি অঞ্চলে ভূমিধস এবং গ্রামীণ রাস্তায় কাদা ও ভোগান্তির আশঙ্কা রয়েছে।প্রয়োজনীয় সতর্কতা ও প্রস্তুতি নিয়ে চলার আহ্বান জানানো হচ্ছে।

বৃষ্টিপাতের পূর্বাভাস আবহাওয়া অধিদপ্তর ড. মুহাম্মদ আবুল কামাল মল্লিক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:37

URL: https://www.timestodaybd.com/public/others/4977043564